



## ফুটবলের রণবীর

টেলিভিশনের প্রতিবেদন: প্রতি দলে ১৪ থেকে ৩০ বছরের সাত ফুটবলার, ২০ মিনিটের ম্যাচ, নতুন কিছু নিয়ম নিয়ে হাজির হচ্ছে 'টি ২০' স্টাইলে ফুটবল প্রতিযোগিতা। দেশ জোড়া এই প্রতিযোগিতার আয়োজক 'পেপসি'। আর তার প্রচারে ইতিমধ্যেই নেমে পড়েছেন রণবীর কাপুর। জানিয়েছেন, 'এই প্রতিযোগিতা নতুন প্রজন্মের মধ্যে ফুটবলকে আরও জনপ্রিয় করে তুলবে'। চেন্নাই, বেঙ্গালুরু, কলকাতা, মুম্বই, লক্ষ্ণৌ, লুধিয়ানা এবং দিল্লি জুড়ে হবে এই প্রতিযোগিতা। চলবে জুন পর্যন্ত। ৪৪টি দলের মধ্যে থেকে বেছে নেওয়া হবে সাত শহরের সাত চ্যাম্পিয়ন এবং ১টি ওয়াইল্ড কার্ড এন্ট্রি পাওয়া দলকে। এই আট দলের চূড়ান্ত প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন দল পাবে এক আন্তর্জাতিক ফুটবলারের কাছে প্রশিক্ষণের এবং ভারতীয় ক্রিকেট তারকাদের সঙ্গে ম্যাচের সুযোগ।

